



ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক

-----RESERVE BANK OF INDIA-----

www.rbi.org.in

আরবিআই/২০১২-১৩/১২২

ইউবিডি.বিপিডি (পিসিবি) সার্কুলার নং ৩/১৪.০১.০৬২/২০১২-১৩

জুলাই ১০, ২০১২

সভাপতি / মুখ্য নির্বাহী আধিকারিক,  
সমস্ত প্রাথমিক (শহরাঞ্চলিক) সমবায় ব্যাঙ্কসমূহ

মহাশয়া / প্রিয় মহাশয়

অন্তঃ ব্যাঙ্ক আমানত একাউন্টের স্থানান্তর

আমাদের অবগতিতে আনা হয়েছে যে কোনও কোনও ব্যাঙ্ক গ্রাহকগণকে নতুন একাউন্ট খুলতে জোর করছে যখন গ্রাহকরা তাঁদের একাউন্ট ওই একই ব্যাঙ্কের একটি শাখা থেকে অপর একটি শাখায় স্থানান্তরিত করতে তাদের কাছে আসছেন। নতুন একাউন্ট খোলার উপর এধরনের জোর দেওয়া অথবা আবার গ্রাহককে পুনরায় সম্পূর্ণ কেওয়াইসি প্রক্রিয়ার মধ্যে দিয়ে যেতে বলা তাঁদের যথেষ্ট অসুবিধার মধ্যে ফেলা, ফলত গ্রাহক পরিষেবা ক্ষুণ্ণ হয়। তদুপরি, যে সমস্ত ব্যাঙ্কে কোর ব্যাঙ্কিং ব্যবস্থা আছে তাদের যে কোনও শাখা চাইলেই ব্যাঙ্কের কোনও গ্রাহকের কেওয়াইসি নথিগুলি দেখতে পারে ফলে এই ধরনের ব্যাঙ্কের পক্ষে গ্রাহকদের পুনরায় সম্পূর্ণ কেওয়াইসি প্রক্রিয়ার মধ্যে ফেলা যুক্তিসূক্ত নয়।

২. ব্যাঙ্কগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে যে ব্যাঙ্কের যে কোনও শাখায় কেওয়াইসি একবার করা হয়ে গিয়ে থাকলে ব্যাঙ্কের ভিতরে একাউন্ট স্থানান্তরনের জন্য তা স্বীকৃত হবে যদি সংশ্লিষ্ট একাউন্টের জন্য সম্পূর্ণ কেওয়াইসি করা হয়ে থাকে। গ্রাহককে তাঁর একাউন্ট এক শাখা থেকে অন্য শাখায় বাধা নিষেধ ছাড়াই স্থানান্তরিত করার অনুমতি দেওয়া হবে। যে শাখায় স্থানান্তরিত হচ্ছে সেই শাখা ওইরূপ স্থানান্তরনের জন্য কোনও ব্যক্তির সঠিক ঠিকানা সংক্রান্ত কেওয়াইসি পালন করতে প্রয়োজনে ওই ব্যক্তির (স্ত্রী/পুরুষ) নতুন করে ঠিকানা-প্রমাণ চাইতে পারে। অনুধাবনযোগ্য যে জুলাই ০২, ২০১২ তারিখের মূল সার্কুলার ইউবিডি.বিপিডি.(পিসিবি).এমসি.নং ১৬/১২.৫.০০১/২০১২-১৩-এর অনুল্লেখ ২.৪(সি) অনুসারে সময়ে সময়ে কেওয়াইসি-এর তথ্যসমূহ সমায়ানুগ করা সংক্রান্ত নির্দেশাবলী এবং অনুল্লেখ ২.১৫ অনুসারে লেনদেন এবং পরিচয়ের বিবরণ রক্ষণাবেক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি অপরিবর্তিত থাকবে এবং ব্যাঙ্ককে নির্দিষ্ট সময় অন্তর সমায়ানুগ করা এবং পরিচয়ের সত্যতা যাচাই এবং লেনদেনের বিবরণ রক্ষণাবেক্ষণের কাজ প্রস্তুত মতো চালিয়ে যেতে হবে।

৩. অনুগ্রহ করে আমাদের আঞ্চলিক অফিসের নিকট প্রাপ্তি স্বীকার করবেন।

আপনার বিশ্বস্ত,

(এ.উদগাতা)

ভারপ্রাপ্ত মুখ্য মহা প্রবন্ধক